



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ ডিসেম্বর' ২০২৩খ্রি.

(প্রেস বিজ্ঞপ্তি-১)

দক্ষিণ বাকলিয়ায় উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করলেন মেয়র রেজাউল

১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডে চলমান উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। শুক্রবার বিকেলে মেয়র এলাকার উন্নয়নের বিষয়ে সাধারণ জনগণের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে জনগণের উদ্দেশ্যে মেয়র বলেন, উন্নয়নে জনগণের মতের প্রতিফলন করতে আমি প্রতিটি ওয়ার্ডে পরিদর্শন করে জনগণের মতামতের ভিত্তিতে এলাকাভিত্তিক উন্নয়ন করছি। বিভিন্ন প্রকল্পের কারণে ইতোমধ্যে দক্ষিণ বাকলিয়ায় ব্যাপক পরিবর্তন হয়েছে। অবকাঠামোগত উন্নয়নের পাশপাশি এ এলাকার জলাবদ্ধতা সমস্যা সমাধান ও নাগরিক বিনোদনের কেন্দ্র প্রসারে ভবিষ্যতে আরো কী কী কাজ করা যায় তা জানতে মাঠপর্যায়ে জনগণের মতামত জানতে আমি এ এলাকা পরিদর্শনে এসেছি। এ পরিদর্শনে মেয়রের সাথে ছিলেন দক্ষিণ বাকলিয়ার ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ নুরুল আলম, সংরক্ষিত নারী কাউন্সিলর শাহীন আকতার রোজীসহ ওয়ার্ড আওয়ামী নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮